# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র

দশম অধ্যায় : লে-আউট/বিন্যাস

## মডেল প্রশ্ন-০১

জনাব কামরুল সাইকেল প্রস্তুতকারী একটি কারখানার মালিক। কারখানার প্রথম অংশে সাইকেলের বিভিন্ন যন্ত্রাংশ, টায়ার, টিউব, প্যাডেল, চাকা তৈরি হয়। এক্ষেত্রে শ্রমিকরা যন্ত্রাংশের ভিত্তিতে বিভিন্ন দলে ভাগ হয়ে কাজ করে। কারখানার দ্বিতীয় অংশে শ্রমিকরা বিভিন্ন যন্ত্রাংশ পর্যাংক্রমে সংযোজন করে পূর্ণাঙ্গ সাইকেল প্রস্তুত করে।

ক) প্যাকিং ডিজাইন কী? ১

খ) "উত্তম বিন্যাস শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করে"-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে কারখানার প্রথম অংশে কোন বিন্যাস বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩

ঘ) জনাব কামরুল কারখানার দ্বিতীয় অংশে যে লে-আউট অনুসরণ করেছেন তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ১নং প্রঃ উঃ (ক)

পণ্যের কোনো আকার-আকৃতি, রং, ওজন ও গুণাগুণ পরিবর্তন না করে শুধু মোড়ক পরিবর্তন করাকে প্যাকেজিং ডিজাইন বলে।

### ১নং প্রঃ উঃ (খ)

শ্রমিকদের নিরাপত্তা বলতে তাদের জীবনের নিরাপত্তার বিষয়টিকে বোঝানো হয়।

উত্তম বিন্যাসের মাধ্যমে প্রতিষ্ঠানের যন্ত্রপাতি, মালামাল যথাস্থানে রাখা হয়। ভারি বা ক্ষতিকর জিনিসগুলো কর্মীদের থেকে দূরে বা নিরাপদ জায়গায় রাখা হয়। এতে শ্রমিকদের কোন ক্ষতি হয় না। যেমন:- ভারি কন্টেইনার যদি প্রতিষ্ঠানের মাঝখানে রাখা হয় তাহলে কন্টেইনার পরে গিয়ে যেকোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। উত্তম বিন্যাসে এগুলো একপাশে বা নিরাপত্তা স্থানে রাখা হয়। তাই বলা যায়, উত্তম বিন্যাস শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করে।

### ১নং প্রঃ উঃ (গ)

জ্ঞান- প্রক্রিয়া বিন্যাস।

### ১নং প্রঃ উঃ (ঘ)

জ্ঞান- পণ্য বিন্যাস।

## মডেল প্রশ্ন-০২

স্টার মেরিনার্স লিমিটেড' একটি আন্তর্জাতিক মানসম্মত জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠান। কর্ণফুলী নদীর তীরে কারখানার অবস্থান। সুষ্ঠু উৎপাদনের লক্ষ্যে নির্মাণ শ্রমিক-কর্মীরা জাহাজ নির্মাণ ডক এর পাশেই অস্থায়ী শেডে অবস্থান করে। পাশেই নির্মাণ সামগ্রী রাখার শেড। ওয়েল্ডিং মেশিন, গ্যাস সিলিন্ডার ও অন্যান্য যন্ত্রপাতি কাছাকাছি অন্য একটি শেডে রাখা হয়েছে। প্রতিষ্ঠানটি ব্যবস্থাপকীয় কাজ সহজ করার লক্ষ্যে কারখানার পাশাপাশি একিটি অফিস স্থাপন করে। সেখানে কর্মকর্তারা কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করে বিভিন্ন বিভাগ কাছাকাছি অবস্থান করে এবং চলাচলের যথেষ্ট স্থানও আছে।

ক) পণ্য বিন্যাস কী? ১

খ) "খুচরা দোকান বিন্যাসের মূল লক্ষ্য হলো ক্রেতা আকর্ষণ"-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি ব্যবস্থাপকীয় কাজ সহজ করার লক্ষ্যে কোন ধরনের বিন্যাস (লে-আউট) অনুসরণ করে-ব্যাখ্যা কর। ৩

ঘ) দস্টার মেরিনার্স লিমিটেড এর সুষ্ঠু উৎপাদনের লক্ষ্যে যে বিন্যাস অনুসরণ করেছে তা কতটুকু কার্যকরী? মূল্যায়ন কর। ৪

### ২নং প্রঃ উঃ (ক)

কাজের কেন্দ্রে বা বিভাগগুলোকে একটি রেখা পথে ধারাবাহিকভাবে স্থাপন করাই হলো পণ্য বিন্যাস।

### ২নং প্রঃ উঃ (খ)

খুচরা বিক্রয়কেন্দ্র বিন্যাস বলতে খুচরা বিপণিতে পণ্য বা অন্যান্য সাজ-সরঞ্জামকে সাজিয়ে রাখাকে বোঝায়।

খুচরা দোকানের সাথে ক্রেতাদের সরাসরি সম্পর্ক থাকে। তাদের চাহিদা অনুযায়ী পণ্য সাজানো থাকলে তারা সেখান থেকে কেনাকাটা করতে আগ্রহী হয়। তাই খুচরা বিক্রয়কেন্দ্র বিন্যাসের ক্ষেত্রে পণ্যের প্রকৃতি, আকৃতি, রং মূল্য প্রভৃতি অনুযায়ী পণ্য সাজিয়ে রাখা হয়। তাই বলা যায়, এ ধরনের বিন্যাসের মূল্য লক্ষ্য হলো ক্রেতা আকর্ষণ করা।

### ২নং প্রঃ উঃ (গ)

জ্ঞান ঃ অফিস বিন্যাস।

### ২নং প্রঃ উঃ (ঘ)

জ্ঞান ঃ স্থির অবস্থান বিন্যাস।

## মডেল প্রশ্ন-০৩

দিনা ফার্নিচার লি. আসবাপত্র প্রস্তুতের কারখানাটি যন্ত্রপাতির সমজাতীয়তার ভিত্তিতে সাজিয়ে থাকে। সম্প্রতি প্রতিষ্ঠানটি উক্ত কারখানাটি ভবনের দ্বিতীয় তলায় আসবাবপত্রের অর্ডার নেওয়ার সুবিধার্থে একটি কোম্পানি ফ্রন্ট অফিস চালু করার সিদ্ধান্ত নেয়।

ক) স্থির বিন্যাস কী? ১

খ) "লে-আউট উন্নত কর্ম পরিবেশ নিশ্চিত করে"-ব্যাখ্যা করো। ২

গ) 'দিনা ফার্নিচার লি. প্রাথমিক পর্যায়ে কোন ধরনের লে-আউট অনুসরণ করে?ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত 'দিনা ফার্নিচার লি.' আসবাবপত্রের অর্ডার নেওয়ার সুবিধার্থে যে সিদ্ধান্ত নিয়েছে

লে-আউটের ধরন উল্লেখ করে তার যথার্থতা তুলে ধরো। ৪

**৩ নং প্রঃ উঃ (ক)**

যে বিন্যাসের ক্ষেত্রে পণ্য একটি নির্দিষ্ট স্থানে স্থির থাকে এবং কর্মীরা তাদের যন্ত্রপাতি নিয়ে কাজ করার জন্য পণ্যটির কাছে যায় তাকে স্থির বিন্যাস বলে।

**৩ নং প্রঃ উঃ (খ)**

ব্যবসায় প্রতিষ্ঠানের অভ্যন্তরে বিভিন্ন অংশে যন্ত্রপাতি, কর্মী, সুযোগ-সুবিধা, কর্মকেন্দ্র ও বিভাগসমূহ সঠিকভঅবে সাজানোই হচ্ছে বিন্যাস বা লে-আউট।

উন্নত কাজের পরিবেশ নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠানের অভ্যন্তরে উত্তম বিন্যাস প্রয়োজন। কেননা বিন্যাস ব্যবস্থার কোথায় যন্ত্রপাতি থাকবে, কীভাবে সাজানো হবে, কর্মীদের কাজের ধারা কেমন হবে এসব নির্ধারণ করা হয়। এতে কর্মীরা কাজে স্বতঃস্ফূর্ততা পায়। তাছাড়া পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা থাকায়, কর্মীরা নিজে থেকেই কাজের প্রতি আগ্রহী হয়, যা উন্নত কাজের পরিবেশের বৈশিষ্ট্য। তাই বলা যায়, লে-আউট উন্নত কাজের পরিবেশ নিশ্চিত করে।

**৩ নং প্রঃ উঃ (গ)**

জ্ঞান ঃ প্রক্রিয়া বিন্যাস

**৩ নং প্রঃ উঃ (ঘ)**

জ্ঞান ঃ অফিস বিন্যাস

## মডেল প্রশ্ন-০৪

জনাব শাহীন মিরপুরে নিজস্ব জমিতে অত্যাধুনিক ডিজাইনের ছয় তলা বিল্ডিং নির্মাণ কাজ শুরু করেন। বিভিন্ন উন্নতমানের যন্ত্রপাতি নিয়ে ৩০ জন শ্রমিক কাজে লাগিয়ে মাত্র দুই বছরের মধ্যেই নির্মাণ কাজ সম্পন্ন করেন। বিল্ডিং এর ৩য় তলায় জনাব শাহীন একটি বিপণি প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নেন। ঐ বিপণিতে শাড়ি, কসমেটিকস, লেদার ও জুয়েলারি সামগ্রী বিভিন্ন বিভাগে সুন্দরভাবে সাজানো থাকবে, যাতে ক্রেতারা কম সময়ে স্বাচ্ছন্দ্যে এখান থেকে কেনা-টাকা করতে পারে।

ক) পণ্য বিন্যাস কী? ১

খ) বিন্যাস কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা করো। ২

গ) জনাব শাহীনের কার্যাবলি কোন ধরনের বিন্যাসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ) বিন্যাসের ধরন উল্লেখপূর্বক জনাব শাহীনের নেওয়া সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**৪ নং প্রঃ উঃ (ক)**

কার্যকেন্দ্র বা বিভাগগুলোকে একটি রেখার পথে স্থাপন করাই হলো পণ্য বিন্যাস।

**৪ নং প্রঃ উঃ (খ)**

প্রতিষ্ঠানের অভ্যন্তরে এবং বিভিন্ন অংশের যন্ত্রপাতি কর্মী, সুযোগ-সুবিধা, কর্মকেন্দ্র ও বিভাগসমূহ সঠিকভাবে সাজানোই হচ্ছে বিন্যাস। প্রতিষ্ঠানের সব বিভাগকে সুন্দরভাবে বিন্যাস করলে ব্যবসায় প্রতিষ্ঠানের শ্রমিক কর্মকর্তা পরস্পর বিভিন্ন বিষয়ে আলোচনা করতে পারে। তাদের মধ্যে ভালো সম্পর্ক গড়ে ওঠার মাধমে কর্মদক্ষতা বেড়ে যায়। এছাড়াও স্থানের যথাযথ ব্যবহার, অপচয় কমে যাওয়া, সহজ চলাচল, সমন্বয় সাধন, ঝুঁকি কমানোর জন্য বিন্যাস অপরিহার্য।

**৪ নং প্রঃ উঃ (গ)**

জ্ঞান ঃ স্থির অবস্থান বিন্যাস।

**৪ নং প্রঃ উঃ (ঘ)**

জ্ঞান ঃ খুচরা বিক্রয়কেন্দ্র বিন্যাস।

## মডেল প্রশ্ন-০৫

প্রো-এ্যাকটিভ মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল এ দেশের একটি স্বনামধন্য হাসপাতাল। এখানে কর্মরত প্রতিটি বিশেষজ্ঞ ডাক্তারের জন্য আলাপ-আলাদা রুমের ব্যবস্থা করা হয়েছে, সেখানে বসে তারা সংশ্লিষ্ট রোগীদের ব্যবস্থাপত্র দেন। আবার জটিল কোনো অপারেশনের প্রয়োজন হলে কয়েকজন ডাক্তার দলবেঁধে অপারেশন থিয়েটারে গিয়ে অপারেশন কার্য পরিচালনা করেন। অন্যদিকে রুটিন কাজ হিসেবে তারা নিয়মিত রোগীদের কেবিনে বা ওয়ার্ডেও ভিজিট করেন। ফলে সর্বক্ষেত্রে রোগীরা তাদের সেবা পাচ্ছেন। অতি সম্প্রতি তারা প্রশাসনিক কার্য সম্পাদনের জন্য হাসপাতালেরই একটি ফ্লোরকে বেছে নিয়েছে, সেখানে কোনোরূপ রোগীদের সেবা প্রদান করা হবে না। হাসপাতালের যাবতীয় কার্য পরিচালনার জন্য এ ফ্লোরে উচ্চ পদস্থ প্রশাসনিক কর্মকর্তাদের বসার ব্যবস্থা করা হয়েছে। তবে তারা যাতে হাসপাতালের যাবতীয় কাজ তত্ত্বাবধান করতে পারেন সে বিষয়টিকেও প্রাধান্য দিচ্ছেন।

ক) অফিস বিন্যাস কী? ১

খ) স্থির বিন্যাস বলতে কী বুঝায়? ২

গ) উদ্দীপকে উল্লেখিত হাসপাতালটি অফিস বিন্যাসের যে মতবাদ অনুসরণ করছে-তা ব্যাখ্যা করো। ৩

ঘ) হাসপাতালটির প্রশাসনিক ফ্লোর বিন্যাসের ক্ষেত্রে বিন্যাসের যে মতবাদ অনুসরণ করা উচিত বলে তুমি মনে করো, তার স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৫ নং প্রঃ উঃ (ক)**

অফিসের কার্যাবলি সুষ্ঠু ও সঠিকভাবে সম্পাদনের জন্য এবং অফিস স্থানের কাম্য ব্যবহারের লক্ষ্যে অফিসে অবস্থিত আসবাবপত্র ও সাজসরঞ্জামের বিন্যাস করা হলে তাকে অফিস বিন্যাস বলে।

**৫ নং প্রঃ উঃ (খ)**

যে বিন্যাসের ক্ষেত্রে পণ্যটি একটি নির্দিষ্ট স্থানে স্থির থাকে, কর্মীরা তাদের হাতিয়ার এবং যন্ত্রপাতির জন্য পণ্যটির নিকট যায়, তাকে স্থির বিন্যাস বা স্থির অবস্থান বিন্যাস বলে।

যে সকল পণ্য অত্যন্ত বড়, ভারী ও বহনে ঝুঁকিপূর্ণ সে সকল পণ্যের ক্ষেত্রে এ বিন্যাসটি অধিক কার্যকর। স্থির বিন্যাসের ক্ষেত্রে পণ্যটি একটি নির্দিষ্ট স্থানে বা নির্দিষ্ট অঞ্চলে স্থির থাকে এবং কার্য সম্পাদনের উপকরণগুলো পণ্যের নিকট নিয়ে যাওয়া হয়। জাহাজ নির্মাণ, বড় ধরনের ইঞ্জিন সংযোজন (রেলের ইঞ্জিন), বৃহৎ নৌকা বা স্টিমার নির্মাণ, ডেম নির্ণয়, মহাকাশ যান নির্মাণ, বাড়ি-ঘর তৈরি বা মেরামত, তেল কুপ খনন ইত্যাদি ক্ষেত্রে স্থির ফিন্যাস ব্যবহৃত হয়।

**৫ নং প্রঃ উঃ (গ)**

জ্ঞান ঃ সক্রিয়তা স্থাপন মতবাদ।

**৫ নং প্রঃ উঃ (ঘ)**

জ্ঞান ঃ যান্ত্রিক কটেজ মতবাদ।